

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখ: ৯ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

### সারা দেশের সকল কর অঞ্চলে ই-রিটার্ন হেল্প-ডেস্ক চালু করেছে জাতীয় রাজস্ব বোর্ড

গত ৪ আগস্ট ২০২৫ তারিখে অর্থ উপদেষ্টা ড: সালেহউদ্দিন আহমেদ ২০২৫-২৬ কর বছরের জন্য অনলাইনে ই-রিটার্ন দাখিল কার্যক্রম শুভ উদ্বোধন করেন। করদাতাগণ [www.etaxnbr.gov.bd](http://www.etaxnbr.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে সহজে অনলাইনে রিটার্ন পূরণ করে নিমিষেই অনলাইনে দাখিল করতে পারছেন। এ পর্যন্ত প্রায় ২৯ লাখ ২০ হাজার করদাতা ই-রিটার্ন সিস্টেমে রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন এবং ৬ লাখ ৩৫ হাজার জন করদাতা অনলাইনে ২০২৫-২০২৬ কর বছরের আয়কর রিটার্ন দাখিল করেছেন।

ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধন সংক্রান্ত সমস্যার কারণে কোন করদাতা অনলাইনে আয়কর রিটার্ন দাখিলে সমর্থ না হলে ৩১ অক্টোবর, ২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট সুনির্দিষ্ট যৌক্তিকতাসহ আবেদন করলে সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কর কমিশনারের অনুমোদনক্রমে তিনি পেপার রিটার্ন দাখিল করতে পারবেন।

সকল সম্মানিত করদাতাগণের জন্য ই-রিটার্ন দাখিল প্রক্রিয়া সহজ বোধ্য করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড গত বছরের ন্যায় এ বছরেও অনলাইন প্রশিক্ষণের আয়োজন করেছে। নিম্নোক্ত লিংকে লগ-ইন করে যেকোন আগ্রহী করদাতা এবং কর আইনজীবীগণ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য তাঁদের আগ্রহ ব্যক্ত করতে পারবেন।

রেজিস্ট্রেশন লিংক: <https://nbr.gov.bd/form/e-return-training/eng>

ই-রিটার্ন প্রশিক্ষণের তারিখ এবং সময় সকল আগ্রহী করদাতা এবং কর আইনজীবীগণকে তাঁদের স্ব-স্ব ইমেইলে জানিয়ে দেয়া হবে। এ পর্যন্ত প্রায় ১৫ হাজার করদাতা প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

**e-Return** সংক্রান্ত যেকোন সমস্যায় করদাতাদের সহায়তা প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড একটি কল সেন্টার স্থাপন করেছে। উক্ত কল সেন্টারের ০৯৬৪৩ ৭১ ৭১ ৭১ নম্বরে ফোন করে করদাতাগণ **e-Return** সংক্রান্ত প্রশ্নের তাৎক্ষণিক টেলিফোনিক সমাধান পাচ্ছেন। এছাড়া [www.etaxnbr.gov.bd](http://www.etaxnbr.gov.bd) এর **eTax Service** অপশন হতে করদাতাগণ **e-Return** সংক্রান্ত যেকোন সমস্যা লিখিতভাবে জানালে তার সমাধান পাচ্ছেন।

এছাড়া, সারা দেশের সকল কর অঞ্চলে ই-রিটার্ন বিষয়ক সেবা প্রদান করার লক্ষ্যে ই-রিটার্ন হেল্প-ডেস্ক স্থাপন করা হয়েছে। সম্মানিত করদাতাগণ নিজ নিজ কর অঞ্চলে স্ব-শরীরে উপস্থিত হয়ে অথবা নিম্নোক্ত ফোন নাম্বারে যোগাযোগ করে ই-রিটার্ন বিষয়ক সেবা পেতে পারেন:

Tax Zone	Website	Phone
Taxes Zone-01, Dhaka	<a href="https://taxeszone1.dhaka.gov.bd">https://taxeszone1.dhaka.gov.bd</a>	01617337497

		Telephone no. 028333855
Taxes Zone-02, Dhaka	<a href="https://taxeszone2.gov.bd">https://taxeszone2.gov.bd</a>	01533127560 01706544053
Taxes Zone-03, Dhaka	<a href="https://taxeszone3dhaka.gov.bd">https://taxeszone3dhaka.gov.bd</a>	01777171870
Taxes Zone-04, Dhaka	<a href="https://taxeszone4dhaka.gov.bd">https://taxeszone4dhaka.gov.bd</a>	01335149145 01335149146
Taxes Zone-05, Dhaka	<a href="https://taxeszone5dhaka.gov.bd">https://taxeszone5dhaka.gov.bd</a>	01345583085
Taxes Zone-06, Dhaka	<a href="https://taxeszone6.gov.bd">https://taxeszone6.gov.bd</a>	01813838388 01674081859
Taxes Zone-07, Dhaka	<a href="https://taxeszone7.dhaka.gov.bd">https://taxeszone7.dhaka.gov.bd</a>	01959185266
Taxes Zone-08, Dhaka	<a href="https://taxeszone8dhaka.gov.bd">https://taxeszone8dhaka.gov.bd</a>	01717757247 01712538492
Taxes Zone-09, Dhaka	<a href="https://taxeszone9dhaka.gov.bd">https://taxeszone9dhaka.gov.bd</a>	Telephone: 02-48963776 02-55091979 02-48954811
Taxes Zone-10, Dhaka	<a href="https://taxeszone10.dhaka.gov.bd">https://taxeszone10.dhaka.gov.bd</a>	01777673330 02-41031803
Taxes Zone-11, Dhaka	<a href="http://taxeszone11dhaka.gov.bd">http://taxeszone11dhaka.gov.bd</a>	01913947616
Taxes Zone-12, Dhaka	<a href="https://taxeszone12dhaka.gov.bd">https://taxeszone12dhaka.gov.bd</a>	01681484915
Taxes Zone-13, Dhaka	<a href="https://taxeszone13dhaka.gov.bd">https://taxeszone13dhaka.gov.bd</a>	01913711714
Taxes Zone-14, Dhaka	<a href="https://taxeszone14.dhaka.gov.bd">https://taxeszone14.dhaka.gov.bd</a>	Telephone: 0241052271
Taxes Zone-15, Dhaka	<a href="https://taxeszone15.dhaka.gov.bd">https://taxeszone15.dhaka.gov.bd</a>	01828183816
Taxes Zone-16, Dhaka	<a href="https://taxeszone16dhaka.gov.bd">https://taxeszone16dhaka.gov.bd</a>	01712484712
Taxes Zone-17, Dhaka	<a href="https://taxeszone17.gov.bd">https://taxeszone17.gov.bd</a>	01521107045 01722219650
Taxes Zone-18, Dhaka	<a href="https://taxeszone18dhaka.gov.bd">https://taxeszone18dhaka.gov.bd</a>	01550706403
Taxes Zone-19, Dhaka	<a href="http://taxeszone19.dhaka.gov.bd">http://taxeszone19.dhaka.gov.bd</a>	01713527577 Telephone: 0226640260 0226640261
Taxes Zone-20, Dhaka	<a href="https://taxeszone20dhaka.gov.bd">https://taxeszone20dhaka.gov.bd</a>	01714-511395
Taxes Zone-21, Dhaka	<a href="https://taxzone21dhaka.gov.bd">https://taxzone21dhaka.gov.bd</a>	01948880790 01928960487
Taxes Zone-22, Dhaka	<a href="https://taxeSZone22dhaka.gov.bd">https://taxeSZone22dhaka.gov.bd</a>	01550723069 01550723079 01550723089 01550723099

Taxes Zone-23, Dhaka	<a href="https://taxeszone23dhaka.gov.bd">https://taxeszone23dhaka.gov.bd</a>	01746688506
Taxes Zone-24, Dhaka	<a href="https://taxeszone24dhaka.gov.bd">https://taxeszone24dhaka.gov.bd</a>	01571728756 01770846818
Taxes Zone-25, Dhaka	<a href="https://taxeszone25dhaka.gov.bd">https://taxeszone25dhaka.gov.bd</a>	01726442780
Taxes zone 1- chittagong	<a href="https://taxctg.com">https://taxctg.com</a>	01534214748
Taxes zone 2- chittagong	<a href="https://tax2.chittagongdiv.gov.bd">https://tax2.chittagongdiv.gov.bd</a>	01712562414 01670569115
Taxes zone 3- chittagong	<a href="https://taxeszone3ctg.gov.bd">https://taxeszone3ctg.gov.bd</a>	01729069944
Taxes zone 4- chittagong	<a href="https://taxeszone4ctg.gov.bd">https://taxeszone4ctg.gov.bd</a>	01559061932
Taxes zone 5- chittagong	<a href="https://taxeszone5.chittagong.gov.bd">https://taxeszone5.chittagong.gov.bd</a>	01719-315243 01757990099
Taxes zone 6- chittagong	<a href="https://tax6.chattogram.gov.bd">https://tax6.chattogram.gov.bd</a>	01554313915
Taxes Zone-Cox'sbazar	-	01840002444
Taxes Zone- Mymensingh	<a href="https://taxzonemymensingh.gov.bd">https://taxzonemymensingh.gov.bd</a>	01723397579
Taxes Zone- Narayanganj	<a href="https://taxeszone-narayanganj.gov.bd">https://taxeszone-narayanganj.gov.bd</a>	01716019176
Taxes Zone- Gazipur	<a href="https://taxeszonegazipur.gov.bd">https://taxeszonegazipur.gov.bd</a>	02-224424020
Taxes Zone- Rangpur	<a href="https://tzt.gov.bd">https://tzt.gov.bd</a>	01839341368 01716297336
Taxes Zone- Noakhali	<a href="https://tax.noakhali.gov.bd">https://tax.noakhali.gov.bd</a>	01842183216
Taxes Zone- Faridpur	<a href="https://taxeszonefaridpur.gov.bd">https://taxeszonefaridpur.gov.bd</a>	01717666129
Taxes Zone- Khulna	<a href="https://taxeszone-khulna.com">https://taxeszone-khulna.com</a>	01857394735
Taxes Zone- Jashore	<a href="https://taxeszonejashore.gov.bd">https://taxeszonejashore.gov.bd</a>	01725436005
Taxes Zone- Dinajpur	-	01717800499
Taxes Zone- Rajshahi	<a href="https://tax.rajshahi.gov.bd">https://tax.rajshahi.gov.bd</a>	01777369645
Taxes Zone- Barisal	<a href="https://tax.barisal.gov.bd">https://tax.barisal.gov.bd</a>	01897802201
Taxes Zone- Bogura	<a href="https://tax.bogra.gov.bd">https://tax.bogra.gov.bd</a>	01738099193 01717891403
Taxes Zone- Narsingdi	<a href="https://taxeszonenarsingdi.gov.bd">https://taxeszonenarsingdi.gov.bd</a>	01918795463
Taxes Zone- Cumilla	<a href="https://tax.comilla.gov.bd">https://tax.comilla.gov.bd</a>	01637437330
Taxes Zone- Sylhet	<a href="https://taxeszonesylhet.gov.bd">https://taxeszonesylhet.gov.bd</a>	01550 699 799 01550 699 798
Taxes Zone- Kushtia	-	01735826250
Large Taxpayer's Unit	<a href="https://ltu.gov.bd">https://ltu.gov.bd</a>	01338-886535

করদাতাগণ ব্যাংক ট্রান্সফার, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, বিকাশ, রকেট, নগদ অথবা অন্য কোনো মোবাইল ফাইন্যানশিয়াল সার্ভিস অ্যাপ ব্যবহার করে ঘরে বসেই কর পরিশোধ করে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করে তাৎক্ষণিকভাবে নিজেই স্বয়ংক্রিয়ভাবে ই-রিটার্ন দাখিলের **acknowledgement slip** প্রিন্ট নিতে পারেন এবং প্রয়োজনীয় তথ্য উল্লেখপূর্বক স্বয়ংক্রিয়ভাবে আয়কর সনদ প্রিন্ট করতে পারেন।

অনলাইনে আয়কর রিটার্ন দেয়ার সময় সংশ্লিষ্ট করদাতার জন্য প্রযোজ্য সকল তথ্য-উপাত্ত সঠিকভাবে পূরণ করতে হয়, তবে কোন কাগজপত্র বা দলিলাদি আপলোড করতে হয়না। যে সকল তথ্য-উপাত্তের ভিত্তিতে অনলাইন রিটার্ন পূরণ করা হয়েছে সেসকল কাগজপত্র বা দলিলাদি করদাতা নিজ দায়িত্বে সংরক্ষণ করতে পারেন।

সকল সম্মানিত ব্যক্তি করদাতাগণকে যথা সময়ে [www.etaxnbr.gov.bd](http://www.etaxnbr.gov.bd) পোর্টালে তাঁদের প্রকৃত আয়, ব্যয়, সম্পদ ও দায় সংক্রান্ত সকল তথ্য যথাযথভাবে পূরণ করত: অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করে নাগরিক দায়িত্ব পালন করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড বিনীত অনুরোধ করছে।

- জাতীয় রাজস্ব বোর্ড